গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০৪২.০৫.০১০.২৩. ৫১

তারিখ: ২৮/৯/২০২৩ খ্রি.

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ১ম ত্রৈমাসিক (জুলাই, ২০২৩ হতে সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত) অর্জন প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ।**

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী মাঠ পর্যায়ের কার্যক্রমসমূহের ১ম ত্রৈমাসিক (জুলাই, ২০২৩ হতে সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত) অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত 'ছক' মোতাবেক পূরণপূর্বক যথাযথ প্রমাণকসহ আগামী ০৫/১০/২০২৩ তারিখ অপরাহ্নের মধ্যে এপিএ টিম লিডার, পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর হার্ড কপি এবং একটি সফ্ট কপি নিম্ন স্বাক্ষরকারীর ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ত্রৈমাসিক অগ্রগতি মূল্যায়নের জন্য কেবলমাত্র সংযুক্ত ছকেই তথ্য প্রেরণ করতে হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ বিষয়ে প্রমাণক দাখিল সংক্রান্ত নির্দেশনার আলোকে প্রতিবেদনের সাথে নিম্নোক্ত কাগজ পত্র/প্রমাণকসমূহ সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

(১) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত অগ্রায়ণ পত্র।
(২) জেলা ভিত্তিক উপকারভোগীর সংখ্যা এবং বরাদ্দ, উপবরাদ্দ সংক্রান্ত প্রতিবেদন (জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত)।
(৩) সংশ্লিষ্ট কার্যক্রম বিষয়ে অনুষ্ঠিত সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা ও ছবি।
(৪) বরাদ্দ আদেশের কপিসমূহ।
(৫) নির্মিত বন্যা আশ্রয় কেন্দ্র/ এইচবিবি /মুজিব কিল্লা/জেলা ত্রাণ গুদাম/ব্রীজ কালভার্টের পরিমাপ সম্বলিত তালিকা এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন ও কার্যক্রম বাস্তবায়নের ছবি।
(৬) কার্যক্রম পরিদর্শন বিষয়ে স্বাক্ষরকৃত পরিদর্শন রিপোর্ট, পরিদর্শন তালিকা ও সামারী সিট।
(৭) ডিডিএম/মন্ত্রণালয় হতে পরিদর্শনোত্তর সুপারিশ বাস্তবায়নের % (বিস্তারিত বিবরণসহ)
(৮) অনুষ্ঠিত মহড়ার স্থান, অংশগ্রহনকারীর বিবরণ, মহড়ার ধরণ, ছবি সম্বলিত প্রতিবেদন।
(৯) জেলা এপিএ'তে নির্ধারিত অন্যান্য কার্যক্রমের কর্মসম্পাদন সূচকওয়ারী অগ্রগতি ও প্রমাণক।
(১০) সুশাসনমূলক পাঁচটি কর্মপরিকল্পনার পৃথক পৃথক অগ্রগতি ও প্রমাণক।
(১১) পত্রসহ ছক ও সকল প্রমাণকসমূহ একটি single PDF এ প্রেরণ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনা মতে (দুটি ছক)।

২৮/৯/২৩

(সৈয়দ আশরাফ উল ইসলাম)
এপিএ ফোকাল পয়েন্ট
কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট
ফোনঃ ০২-২২২২৮৯৬৩২
ই-মেইল: cms@ddm.gov.bd

**জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা**
সকল জেলা।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। এপিএ টিম লিডার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। প্রোগ্রামার , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৩। অফিসার ইনচার্জ, জরুরী সাড়াদান কেন্দ্র, (পত্রটি সকল ডিআরআরওদের e-mail এ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। অফিস কপি।

## ত্রৈমাসিক প্রতিবেদনের ছক

### ২০২৩-২০২৪ অর্থ বছরের দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যের আওতায় কার্যক্রম

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা | ১ম ত্রৈমাসিক অর্জন (জুলাই,২৩-সেপ্টেম্বর,২৩) পর্যন্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

স্বাক্ষর

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

**দ্রষ্টব্য :**

- পুরণকৃত ছকটি অগ্রায়ণ পত্রের সাথে কার্যক্রমের নম্বর উল্লেখ করে এপিএ টিম লিডার বরাবরে প্রেরণ করতে হবে।
- প্রত্যেক কার্যকম পৃথক পৃথক কলামে পূরণ করতে হবে।
- প্রত্যেক কার্যক্রমের অর্জনের বিপরীতে প্রমানক সংযুক্ত করতে হবে।
- অগ্রায়ন পত্র, পুরণকৃত ছক এবং প্রমাণকসমূহ single PDF (5MB এর মধ্যে) ফাইলে ই-মেইলে (cms@ddm.gov.bd) এ প্রেরণ করতে হবে।
- অগ্রায়ন পত্র ছাড়াও সকল প্রতিবেদন ছকের নিচে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাকে স্বাক্ষর ও সীল প্রদান করতে হবে।

## ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মাঠ পর্যায়ে বিভিন্ন কর্মসূচি/কার্যক্রম/প্রকল্প পরিদর্শনের সামারী সিট

| ক্র.নং | পরিদর্শনের তারিখ | পরিদর্শনের স্থান (জেলা/উপজেলা/ইউনিয়ন) | প্রকল্পের নামসহ বিবরণ | সুপারিশ/পর্যবেক্ষণ | সংযুক্ত ছবি/প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |

স্বাক্ষর
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা